[redacted]

[redacted]

মেহেরপুর আদালতের পিপি পুনঃনিয়োগ পেলেন সাইদুর রাজ্জাক

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) হিসেবে পুনঃনিয়োগ পেয়েছেন অ্যাডভোকেট এ এস এম সাইদুর রাজ্জাক (টোটন)।

গতকাল মঙ্গলবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের (জিপি-পিপি শাখা) বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র সহকারী সচিব (পিপি-জিপি) মো. ফারুক হোসাইনের স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

অ্যাডভোকেট এ এস এম সাইদুর রাজ্জাক (টোটন) মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের মৃত জহিরুল হামিদের ছেলে। তিনি ২০০৪ সালের ১৪ জুলাই আইনজীবী সমিতিতে যোগদান করেন।

এর আগে তিনি ২০২৫ সালের ৯ ফেব্রুয়ারি থেকে একই বছরের ৮ ডিসেম্বর পর্যন্ত মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন।

পুনঃনিয়োগের মাধ্যমে তিনি পুনরায় মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের রাষ্ট্রপক্ষের আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করবেন।

মেহেরপুর র্যাবের অভিযানে বিপুল ভারতীয় সিরাপ ও নগদ টাকা

উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ভারতীয় সিরাপ, নগদ টাকা ও মাদক পরিবহনে ব্যবহৃত একটি মোটরসাইকেলসহ ইমন আহম্মেদ (২৪) নামে এক যুবককে আটক করেছে র্যাব-১২ মেহেরপুর ক্যাম্পের সদস্যরা।

মঙ্গলবার (২৫ আগস্ট) দুপুরে জীবননগর উপজেলার নতুনপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। আটক ইমন আহম্মেদ উপজেলার নতুনপাড়া এলাকার বাসিন্দা জাহাঙ্গীর আলমের ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কোম্পানি কমান্ডার (ভারপ্রাপ্ত) সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার জানান, গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর উপজেলার সীমান্তবর্তী নতুনপাড়া এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। এ সময় ইমন আহম্মেদকে আটক করা হয়।

পরে তাঁর কাছ থেকে ৫৪২ বোতল স্ক্যার্ফ সিরাপ ও ১১০ বোতল উইনক্যারেক্স সিরাপ, মোট ৬৫২ বোতল সিরাপ উদ্ধার করা হয়। এছাড়া তাঁর হেফাজত থেকে নগদ ১৬ লাখ ৭৫ হাজার টাকা এবং মাদক পরিবহনে ব্যবহৃত একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

উদ্ধার করা সিরাপগুলো ভারতীয়। সীমান্তবর্তী এলাকা দিয়ে এসব সিরাপ বাংলাদেশে এনে মাদক হিসেবে সরবরাহ বা বিক্রির উদ্দেশ্য ছিল কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। একই সঙ্গে উদ্ধার হওয়া বিপুল পরিমাণ নগদ টাকার উৎস নিয়েও তদন্ত চলছে।

র্যাব-১২ মেহেরপুর ক্যাম্প সূত্রে জানা গেছে, সীমান্তবর্তী এলাকায় মাদকদ্রব্যের চোরাচালান ও পরিবহন বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবারের অভিযানটি পরিচালনা করা হয়। অভিযানে উদ্ধার হওয়া সিরাপ, নগদ টাকা ও মোটরসাইকেল আইনগত প্রক্রিয়ায় জব্দ করা হয়েছে।

এ ঘটনায় আটক ইমন আহম্মেদের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১৪(গ)/৩৮/৪১ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

র্যাব জানিয়েছে, সীমান্ত এলাকায় মাদকবিরোধী অভিযান আরও জোরদার করা হবে। একই সঙ্গে মাদক চোরাচালানের সঙ্গে জড়িত ব্যক্তি ও

সিন্ডিকেটের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজে ‘ক্যারিয়ার অ্যান্ড সাকসেস’ বিষয়ে মতবিনিময় সভা

গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নিয়ে ভবিষ্যৎ গড়ার দিকনির্দেশনামূলক অনুষ্ঠান ‘ক্যারিয়ার অ্যান্ড সাকসেস’ বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১টার দিকে কলেজের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়।

কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন সভার শুরুতে উদ্বোধনী বক্তব্যে বলেন, “তোমরা এসএসসি পাস করেছ। কিন্তু কোথায় ভর্তি হলে তোমরা তোমাদের লক্ষ্যে পৌঁছাতে পারবে, সে সম্পর্কে অনেকেরই স্পষ্ট ধারণা নেই। তোমরা অনেকেই কাঙ্ক্ষিত জিপিএ পাওনি। তাই বলে তোমাদের জীবন থেমে থাকবে না। কাঙ্ক্ষিত জিপিএ না পাওয়ার কারণে তোমরা কষ্ট পেয়ো না। এই না পাওয়ার যন্ত্রণাকে শক্তিতে পরিণত করে তোমাদের সঠিক দিকনির্দেশনা দেওয়ার জন্যই আমাদের এই আয়োজন।”

তিনি আরও বলেন, “জীবন গড়ার জন্য জিপিএ একমাত্র মাপকাঠি নয়। জীবনে অনেক চড়াই-উতরাই পেরিয়ে সামনে এগিয়ে যেতে হয়। ক্যারিয়ার গড়ার জন্য পূর্বের হতাশা বা ব্যর্থতাকে পাশ কাটিয়ে সামনের দিকে এগিয়ে যেতে হবে। সামনে তোমাদের অনেক গুরুত্বপূর্ণ সময়। এই সময়কে কাজে লাগাতে হবে।”

তিনি বলেন, অনেক শিক্ষার্থী এসএসসি পাস করার পর অর্জিত জিপিএ অনুযায়ী কোথায় ভর্তি হলে এইচএসসিতে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করতে পারবে, সে বিষয়ে ধারণা পায় না। এ কারণে ‘ক্যারিয়ার অ্যান্ড সাকসেস’ কর্মসূচির মাধ্যমে তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়ার

ব্যবস্থা করা হয়েছে।

অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন বলেন, “এইচএসসি বিএমটি কোর্সটি অত্যন্ত বাস্তবসম্মত ও যুগোপযোগী। এ কারণে আমাদের প্রতিষ্ঠানের দক্ষ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে শিক্ষার্থীদের নিয়ে বিস্তারিত আলোচনা করার ব্যবস্থা করেছি। বিএমটি কোর্সের সিস্টেম এবং বেশ কিছু বিষয়ে ব্যবহারিক ও বাস্তব প্রশিক্ষণে নম্বর থাকায় এখানে ভালো জিপিএ অর্জন করা সম্ভব। যা পরবর্তীতে অনার্সে ভর্তির ক্ষেত্রেও সহায়ক হবে।”

তিনি আরও বলেন, “আমাদের অনেক শিক্ষার্থী এসএসসি পাস করার পর বাস্তবমুখী ও যুগোপযোগী বিষয়ে ভর্তি না হওয়ায় একপর্যায়ে তাদের পড়ালেখা বন্ধ হয়ে যায়। সেজন্য তোমাদের বলছি, তোমরা বিএমটি কোর্সে ভর্তি হয়ে কাঙ্ক্ষিত জিপিএ অর্জনের মাধ্যমে উচ্চশিক্ষায় যাওয়ার সুযোগ তৈরি করো।”

তিনি জানান, এখানে ট্রেডভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা তুলনামূলক কম হওয়ায় শিক্ষকদের কাছ থেকে সরাসরি বিভিন্ন বিষয়ে জানার সুযোগ রয়েছে। পাশাপাশি প্রত্যেক শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে আন্তরিকতার সঙ্গে পাঠদান করতে পারেন।

তিনি বলেন, “বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে গেলে বাস্তবমুখী ও উপার্জনক্ষম বিষয়ে লেখাপড়ার বিকল্প নেই। তাই আমরা তোমাদের কাছে আবেদন রাখতে চাই—তোমরা কারিগরি শিক্ষা গ্রহণ করো এবং বিএমটি কোর্সে ভর্তির মাধ্যমে নিজেকে যোগ্য মানুষ হিসেবে গড়ে তুলে দেশের উন্নতি ও অগ্রযাত্রায় অংশগ্রহণের সুযোগ নাও—এটাই আমাদের প্রত্যাশা।”

এ সময় ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ফিদা হাসান, মানবসম্পদ বিভাগের সহকারী অধ্যাপক শরিফুল ইসলাম, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক কামরুজ্জামান, কম্পিউটার অপারেশন বিভাগের সহকারী অধ্যাপক ওয়াহেদ বিন হোসেন মিন্টু, হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক আব্দুল কুদ্দুস, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক রবিউল ইসলাম, হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক মহিববুর রহমান, প্রভাষক আকিবুল হোসেন, প্রভাষক মাসুদুর রহমান, বকুলুজ্জামান লিটন ও প্রভাষক জেসমিন আজাদসহ বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, কলেজের কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বারাদীতে জামায়াতের কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে মোমিনপুর মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়ে এ কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়ন জামায়াতের আমির আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজ উদ্দীন খান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা জামায়াত আমির সোহেল রানা ও উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম।

বক্তারা তাদের বক্তব্যে পবিত্র কোরআন ও হাদিসের আলোকে মহান আল্লাহর আদেশ-নিষেধ, ব্যক্তিজীবন ও সমাজজীবনে ইসলামের শিক্ষার গুরুত্ব এবং মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর জীবন ও ইসলাম প্রতিষ্ঠার বিভিন্ন ঐতিহাসিক ঘটনা তুলে ধরেন।

বক্তারা বলেন, ইসলামী আদর্শ ও নৈতিক মূল্যবোধ অনুসরণের মাধ্যমে একজন মানুষ নিজেকে সৎ, আদর্শবান ও দায়িত্বশীল হিসেবে গড়ে তুলতে পারেন। কোরআন-সুন্নাহর শিক্ষা ব্যক্তি, পরিবার ও সমাজজীবনে বাস্তবায়নের মাধ্যমে শান্তি, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা সম্ভব। এ জন্য নেতাকর্মীদের নিয়মিত কোরআন-হাদিস অধ্যয়ন, আত্মশুদ্ধি ও সাংগঠনিক দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়।

অনুষ্ঠানে বারাদী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের জামায়াতের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। কর্মী শিক্ষা বৈঠকে কোরআন-হাদিসের শিক্ষা, সাংগঠনিক দায়িত্ব ও নৈতিক চরিত্র গঠনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বারাদী ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি আব্দুর রাজ্জাক।

পাঁচ বছর একদিনও স্কুলে অনুপস্থিত নয়, ক্রীড়ায়ও তৃতীয়বার চ্যাম্পিয়ন তুবা

ঢাকার গাইডেন্স ইন্টারন্যাশনাল ইংলিশ মিডিয়াম স্কুলের গ্রেড-৪ এর শিক্ষার্থী তাসনিয়া তুবা টানা পাঁচ বছর একদিনও বিদ্যালয়ে অনুপস্থিত না থেকে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। পাশাপাশি বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় একই ইভেন্টে টানা তৃতীয়বারের মতো চ্যাম্পিয়ন হয়েছে সে।

এ দুটি কৃতিত্বের স্বীকৃতি হিসেবে আজ সোমবার বিদ্যালয় পরিচালনা কমিটির পক্ষ থেকে তুবার হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেওয়া হয়।

বিদ্যালয়ের শিক্ষক, পরিচালনা কমিটির সদস্য ও শিক্ষার্থীদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে তাকে পুরস্কৃত করা হয়।

বিদ্যালয় সূত্রে জানা গেছে, তাসনিয়া তুবা গত পাঁচ বছরে নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থেকেছে। কোনো দিন অনুপস্থিত না থাকার পাশাপাশি পড়াশোনার সঙ্গে সহশিক্ষা কার্যক্রমেও সক্রিয় অংশগ্রহণ করে আসছে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় তার ধারাবাহিক সাফল্যও এর প্রমাণ।

তুবার এ অর্জনে বিদ্যালয়ের শিক্ষক ও সহপাঠীদের মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে। বিদ্যালয় কর্তৃপক্ষ তার নিয়মিত উপস্থিতি, শৃঙ্খলা ও ক্রীড়াক্ষেত্রে ধারাবাহিক সাফল্যের প্রশংসা করেছে।

তাসনিয়া তুবা মোস্তফা আমজাদ (সাইফুল) ও তানিয়া লাবণ্যর মেয়ে। তার দাদা মেহেরপুরের জ্যেষ্ঠ সাংবাদিক তোজাম্মেল আযম। পরিবারের সদস্যরা তুবার এ অর্জনে আনন্দ ও গর্ব প্রকাশ করেছেন।

গাংনীতে দুই প্রতিষ্ঠানকে ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী বাজারে অভিযান চালিয়ে দুই প্রতিষ্ঠানকে মোট ৭০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। এ সময় প্রায় ৬০০ বোতল নিষিদ্ধ কেওড়া জল ও লক্ষাধিক টাকার ফিজিশিয়ান স্যাম্পল জব্দ করা হয়েছে।

সোমবার (২৪ আগস্ট) সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত গাংনী বাজার এলাকায় এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযানকালে যথাযথ কর্তৃপক্ষের সনদ ছাড়া এবং নিষিদ্ধ কেওড়া জল ব্যবহার করে খাদ্যসামগ্রী তৈরির কারণে মো. জসিম হাওলাদারের নান্না বিরিয়ানী হাউসকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

এ ছাড়া সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) ছাড়া ফিজিশিয়ান স্যাম্পল ওষুধ বিক্রি ও সংরক্ষণের কারণে মো. সোহাগ আলীর মেসার্স সোহাগ মেডিসিন কর্ণারকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে দুই প্রতিষ্ঠান থেকে মোট ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই সঙ্গে প্রায় ৬০০ বোতল নিষিদ্ধ কেওড়া জল জব্দ করে ধ্বংস করা হয়। এ ছাড়া প্রায় লক্ষাধিক টাকার ফিজিশিয়ান স্যাম্পল জব্দ করে দাতব্য চিকিৎসা কার্যক্রমের জন্য মেহেরপুরের সিভিল সার্জনের কাছে হস্তান্তর করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন নিরাপদ খাদ্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মো. রিয়াজ মাহমুদ, গাংনী স্যানিটারি ইন্সপেক্টর মো. মসিউর রহমান, মেহেরপুর জেলা পুলিশের একটি দল এবং র্যাব-১২-এর একটি দল।

মেহেরপুরে ১০টি মসজিদ সংস্কারে ৩০ লাখ টাকা বরাদ্দ

মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ১০টি মসজিদের সংস্কার ও উন্নয়নকাজের জন্য মোট ৩০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। বরাদ্দের আওতায় প্রতিটি মসজিদের জন্য ৩ লাখ টাকা করে দেওয়া হয়।

সোমবার (২৪ আগস্ট) সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট মসজিদ কমিটির সদস্যদের হাতে বরাদ্দের অর্থ তুলে দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজউদ্দীন খান।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আওতাধীন সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন-২ (GSID-2) প্রকল্পের মাধ্যমে এসব অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে।

বরাদ্দপ্রাপ্ত মসজিদগুলোর মধ্যে রয়েছে—বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্দবপুর পশ্চিমপাড়া জামে মসজিদ, আমঝুপি ইউনিয়নের উত্তরপাড়া বটতলা জামে মসজিদ, বারাদি ইউনিয়নের রাজনগর বেলাপাড়া জামে মসজিদ, মেহেরপুর পৌরসভার নতুনপাড়া জামে মসজিদ, আমদহ ইউনিয়নের মধ্যপাড়া জামে মসজিদ, মেহেরপুর পৌরসভার কেশবপাড়া জামে মসজিদসহ সদর ও মুজিবনগর উপজেলার মোট ১০টি মসজিদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রকৌশলী আক্তার হোসেন রিপন, জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী আজমাইন হোসেনসহ দলীয় নেতাকর্মী ও সংশ্লিষ্ট মসজিদ কমিটির সদস্যরা।

বরাদ্দের অর্থ মসজিদগুলোর প্রয়োজনীয় সংস্কার, মেরামত ও উন্নয়নকাজে ব্যয় করা হবে বলে সংশ্লিষ্টরা জানান। স্থানীয় মুসল্লিরা সরকারের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান গ্রেপ্তার

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নানকে (ছোট) গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার (২৩ আগস্ট) রাত ১০টার দিকে মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়ায় নিজ বাসভবনের সামনে থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির বিষয়টি নিশ্চিত করে জানান, রাজনৈতিক মামলায় আব্দুল মান্নানকে গ্রেপ্তার দেখানো হয়েছে। আজ সোমবার দুপুরে তাকে আদালতে প্রেরণ করা হবে।

তবে কোন মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়েছে, সে বিষয়ে তিনি নিশ্চিত করে কিছু জানাননি।

গাংনীর সাহারবাটী ইউপিতে প্রশাসক বাতিলের দাবিতে এলাকাবাসীর বিক্ষোভ

গাংনী উপজেলার ৭ নম্বর সাহারবাটী ইউনিয়ন পরিষদের প্যানেল ভারপ্রাপ্ত চেয়ারম্যান আসমা তারাকে অপসারণের প্রতিবাদে এবং নিয়োগকৃত প্রশাসক বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন ইউনিয়নবাসী। রোববার বেলা ১১টার দিকে সাহারবাটী ইউনিয়ন পরিষদের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

বিক্ষোভকারীরা বলেন, ৫ আগস্টের পর আসমা তারাকে সকল সদস্য মনোনীত করে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব দেওয়া হয়।

এরপর থেকে আসমা তারা সকল সদস্যকে নিয়ে সম্মিলিতভাবে পরিষদের কার্যক্রম পরিচালনা করে আসছিলেন।

হঠাৎ করে কয়েকজন আওয়ামী লীগপন্থী ইউপি সদস্য অনৈতিক সুবিধা হাসিল করতে না পেরে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বরাবর অনাস্থাপত্র দেন এবং প্রশাসক নিয়োগের আবেদন করেন। ইউএনও বিষয়টি ইউনিয়ন পরিষদের কাউকে না জানিয়ে জেলা প্রশাসকের কাছে পাঠান।

পরে জেলা প্রশাসক শিল্পী রানী রায় স্বাক্ষরিত এক পত্রে গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মামুনুর রহমানকে প্রশাসক হিসেবে নিয়োগ দিয়ে পত্র পাঠানো হয়।

জেলা প্রশাসকের এমন সিদ্ধান্ত দ্রুত বাতিলের দাবি জানিয়ে বিক্ষোভকারীরা বলেন, সাহারবাটী ইউনিয়ন পরিষদে কোনো প্রশাসক নিয়োগ দেওয়া চলবে না। নিয়োগ বাতিল করে জনগণের ভোটে নির্বাচিত এবং সদস্যদের মনোনীত ভারপ্রাপ্ত চেয়ারম্যান আসমা তারাকে বহাল রাখতে হবে।

বিক্ষোভ মিছিলে স্থানীয় যুবদলের নেতৃবৃন্দ, ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, “বিষয়টি আমি অবগত। কী কারণে প্রশাসক বাতিলের দাবি জানানো হচ্ছে বা বিক্ষোভ হচ্ছে, তা নতুন ইউএনও যোগদান করলে তদন্ত করে সিদ্ধান্ত নেওয়া হবে।”